

সময়

যোলা জলে স্রোতে
প্রতিবেশী সময়ের স্বজনেরা ভেসে গেছে কোথায় ?
ঝরা পাতার বিলাসী কলরবে?

অবিন্যস্ত টানাপোড়েনের মাঝে সাঁতরে যায় কে?
দৃষ্টির কল্লোল কে? দেখি প্রাচীন ব্যাধি
ক্লান্তি..... ক্লান্তি..... শুধু.....
ভাসায়, ডোবে কালো অবগাহনের দংশনে

বিমূঢ় আধো অনড় প্রাণ; প্রাত্যহিক স্বরলিপি
তিমির গান ভ্রমণে পথে খোঁজে
অলীক সুখমা

এই সব নিয়ে থাকে হাহাকার আকাশের নিচে
ঘুমহীন..... বহুদিন.....

সৈয়দ শরীফ

